গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.১১.০০১.১৯.৭২

তারিখ : ০৪ চৈত্র ১৪৩১ / ১৮ মার্চ ২০২৫

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের নম্বর : ৮০.১০৩.০১১.০০.০০.০০২.২০১৮-৬৯ স্মারকমূলে সুপারিশকৃত আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিবন্ধন অধিদপ্তরের অধীনে নিম্নবর্ণিত প্রার্থীকে 'সাব-রেজিস্ট্রার' পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৯ম গ্রেডে ২২,০০০-৫৩,০৬০ টাকা বেতনক্রমে অস্থায়ীভাবে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | নাম, ঠিকানা ও জন্ম তারিখ | রেজি. নম্বর | নিজ জেলা | সুপারিশের ভিত্তি |
|---|---|---|---|---|
| ১। | মাহবুব আলম<br>পিতা : সহিদুল ইসলাম<br>মাতা : রোকেয়া সুলতানা<br>জন্ম তারিখ : ০৮-০৩-১৯৯১ খ্রি.<br>স্থায়ী ঠিকানা : বাড়ি নং-২২৮, গ্রাম : আমঝুপী, ডাকঘর : আমঝুপী, থানা : মেহেরপুর সদর, জেলা : মেহেরপুর<br>বর্তমান ঠিকানা : ঐ। | ২০৮৮২৭ | মেহেরপুর | মেধা |

**শর্তাবলী :**

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে আগামী ২৫-০৩-২০২৫ খ্রি. তারিখ পূর্বাহ্নে মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা-বরাবর যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো;

(খ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে "নিয়োগে আগ্রহী নয়" বিবেচনায় তাঁর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;

(গ) নবনিয়োগপ্রাপ্ত সাব-রেজিস্ট্রার-কে স্বাধীনভাবে একটি রেজিস্ট্রি অফিস পরিচালনার লক্ষ্যে কমপক্ষে ৫ (পাঁচ) সপ্তাহের রেজিস্ট্রি বিষয়ক প্রারম্ভিক প্রশিক্ষণ জেলা রেজিস্ট্রার কার্যালয়ে গ্রহণ করতে হবে;

(ঘ) নিয়োগকৃত কর্মকর্তার চাকরির প্রথম ০২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। সফলভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর তাঁর কার্যক্রম মূল্যায়ন, মৌলিক প্রশিক্ষণ ও অন্যান্য প্রশিক্ষণ কোর্স সফলভাবে সমাপন এবং প্রশিক্ষণে প্রাপ্ত ফলাফল ইত্যাদির ভিত্তিতে চাকরি স্থায়ীকরণ বিষয়ে সরকার পরবর্তীতে বিবেচনা করবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক পৃথক সরকারি আদেশ জারি করা হবে;

(ঙ) উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতনভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে দফা (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913-এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) শিক্ষানবিশকালে কর্মকর্তার চাকরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি ও তাৎক্ষণিকভাবে তাঁকে চাকরি হতে অপসারণ করতে পারবে;

(জ) সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর যে কোন সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত কর্মকর্তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাঁকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারি আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে নিয়োগকৃত কর্মকর্তা যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে উল্লিখিত শর্তাবলীর বিষয়ে একমত পোষণপূর্বক অঙ্গীকারনামা দাখিল করবেন;

(ঞ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী নিয়োগকৃত কর্মকর্তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ট) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হয় বিধায় এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগ আদেশের জ্যেষ্ঠতা অক্ষুণ্ন রাখার স্বার্থে তাঁর ব্যাচের নিয়োগপ্রাপ্তদের প্রথম যে তারিখে নিয়োগ প্রজ্ঞাপন জারি করা হয়েছিল সে তারিখ হতে ভূতাপেক্ষভাবে এ নিয়োগ আদেশ কার্যকর হবে। তাঁর মূল ব্যাচের যোগদানের তারিখ থেকে তাঁর ধারণাগত জ্যেষ্ঠতা বজায় থাকবে। তবে এর ফলে তিনি কোনো আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না;

(ঠ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ড) The Government Servants (Conduct) Rules, 1979-এর বিধি ১৩(১) অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(ঢ) নিয়োগকৃত কর্মকর্তা-কে দেশের যে কোন স্থানে এবং যে কোন জেলায়/উপজেলায় বদলি করা যাবে;

(ণ) নিয়োগকৃত কর্মকর্তা সরকারের বর্তমান ও ভবিষ্যতে প্রণীতব্য সরকারি চাকরির যাবতীয় নিয়ম-নীতি, বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবেন;

(ত) সরকারের স্থায়ী পদের বিপরীতে অস্থায়ীভাবে এ নিয়োগ দেওয়া হলো; এবং

(থ) নিয়োগকৃত কর্মকর্তা চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টি. এ./ডি. এ. প্রাপ্য হবেন না।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৮/০৩/২০২৫

(শেখ আবু তাহের)
সচিব

নম্বর : ১০.০০.০০০০.১৩০.১১.০০১.১৯.৭২/১(১৩) তারিখ : ১৮-০৩-২০২৫ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা [নিয়োগকৃত সাব-রেজিস্ট্রার-কে প্রশিক্ষণ ও পদায়নের প্রস্তাব এ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
৭. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো]।
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
১২. জনাব মাহবুব আলম, পিতা : সহিদুল ইসলাম, মাতা : রোকেয়া সুলতানা, স্থায়ী ঠিকানা : বাড়ি নং-২২৮, গ্রাম : আমঝুপী, ডাকঘর : আমঝুপী, থানা : মেহেরপুর সদর, জেলা : মেহেরপুর।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

১৮/০৩/২০২৫
(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৪১০৫২১৭২